



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/11/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো 2021 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে নতুন মৈনিহান ট্রেন হলের সাথে হাই লাইন সংযুক্ত করার প্রস্তাব ঘোষণা করেছেন

পরিকল্পনাটি নতুন সর্বজনীন স্থান তৈরি করতে এবং ক্রমবর্ধমান ম্যানহাটন এলাকায় পায়ের চলা ট্রাফিক হ্রাস করতে হাই লাইন প্রসারিত করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ম্যানহাটনের হাই লাইন (High Line) সম্প্রসারণের একটি প্রস্তাব ঘোষণা করেছেন যাতে 2021সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে সম্প্রতি খোলা **মৈনিহান ট্রেন হল** থেকে পথচারীদের উত্থিত হাঁটা পথের নিরবিচ্ছিন্ন প্রবেশাধিকার দেওয়া যায়। একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের অংশ হিসেবে, ব্রুকফিল্ড প্রপার্টি গ্রুপ (Brookfield Property Group) এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey), এবং হাই লাইনের বন্ধুদের (Friends of the High Line) সাথে অংশীদারিত্ব করবে হাই লাইনের 10ম এভিনিউ টার্মিনাস থেকে ব্রুকফিল্ডের ম্যানহাটন ওয়েস্ট পাবলিক স্পেস পর্যন্ত একটি এল-আকৃতির সংযোগ নির্মাণের জন্য।

"এটা হবে সব চেয়ে উচ্চাভিলাষী পুনঃউন্নয়ন যা কয়েক দশক ধরে নিউ ইয়র্ক সিটি দেখেছে," **গভর্নর কুওমো বলেন।** "যখন বেসরকারি খাতের অর্থনীতি পিছিয়ে পড়ে, তখন রাজ্য সরকার পরিকাঠামো নির্মাণ করে এবং উন্নয়নে উৎসাহ প্রদান করে। সুন্দর মৈনিহান ট্রেন হলটি খোলা, পেন স্টেশনের সংস্কার এবং এই হাই লাইন সম্প্রসারণ প্রকল্প এই বছর শুরু হবে। এই সংযোগ ওয়েস্ট সাইডের একটি জেলা ব্যাপী পুনঃউন্নয়নের অংশ যা COVID এর পরবর্তী বিশ্বে ব্যক্তিগত বাজার শুরু করবে।"

গভর্নরের প্রস্তাব অনুযায়ী, প্রকল্পটি বিদ্যমান হাই লাইন পূর্ব দিকে 10ম এভিনিউ এবং 30তম স্ট্রিট প্রসারিত করবে ডায়ার এভিনিউ বরাবর 9ম এবং 10ম এভিনিউয়ের মাঝামাঝি পর্যন্ত বিস্তৃত করবে, যেখানে এটি উত্তর দিকে ঘুরবে এবং উত্থিত পাবলিক স্পেসে সংযুক্ত হবে। এরপর পাবলিক স্পেসটি সরাসরি 9ম এভিনিউতে সমাপ্ত হবে ফারলে বিল্ডিং এবং নতুন মৈনিহান ট্রেন হলের প্রবেশদ্বারের উল্টোদিকে।

কৌশলগতভাবে এই সব স্থানে হাই লাইন সম্প্রসারণ শুধুমাত্র নতুন পাবলিক স্পেস তৈরি করে তাই নয় বরং পেন স্টেশন এবং হাডসন ইয়ার্ড এবং পার্শ্ববর্তী এলাকার মধ্যে পথচারীদের প্রবেশাধিকার

সম্পর্কে সম্প্রদায়ের উদ্বেগের কথা তুলে ধরে। মিডটাউন ওয়েস্ট ম্যানহাটনের একটি ক্রমবর্ধমান বাণিজ্যিক এবং আবাসিক এলাকায় পরিণত হওয়া অব্যাহত রেখেছে। হাই লাইন নিউ ইয়র্কের সবচেয়ে জনপ্রিয় উত্থিত পার্ক, এবং এর সম্প্রসারণ এই ক্রমবর্ধমান এলাকায় যাত্রী, বাসিন্দা এবং পর্যটকদের জন্য নিরাপদ পথ প্রদান করবে।

এটি হাই লাইনের দুটি পরিকল্পিত সম্প্রসারণের প্রথম পর্যায় যা মিডটাউন ওয়েস্টের মধ্য দিয়ে আরো পথচারীদের জন্য অনুকূল এবং নিরাপদ সংযোগ তৈরি করবে, নতুন মৈনিহান ট্রেন হল থেকে হাডসন রিভার পার্কের পিয়ার 76 পর্যন্ত। দ্বিতীয় পর্যায়ে হাই লাইনের উত্তর-পশ্চিম প্রান্ত প্রসারিত হবে, যা বর্তমানে 34ম স্ট্রিট এবং 12ম এভিনিউতে শেষ হয়, উত্তরদিকে জাভিটস সেন্টারের পাশ দিয়ে গিয়ে পশ্চিম দিকে ঘুরে ওয়েস্ট সাইড মহাসড়ক অতিক্রম করে এবং হাডসন রিভার পার্কের পরবর্তী বড় পাবলিক পিয়ার পিয়ার 76 এ শেষ হয়।

ব্রুকফিল্ড প্রপার্টি গ্রুপের ম্যানেজিং পার্টনার বেন ব্রাউন বলেন, "ব্রুকফিল্ডের ম্যানহাটন ওয়েস্ট কমপ্লেক্সের কেন্দ্রীয় উপাদান হবে একটি 2 একরের প্রাকৃতিক দৃশ্য যুক্ত পাবলিক প্লাজা যা 240,000 বর্গ ফুট কিউরেটেড রেস্টুরেন্ট এবং দোকান দ্বারা পরিবেষ্টিত হবে এবং সারা বছর ধরে পাবলিক ইভেন্ট, আর্ট ইনস্টলেশন এবং একটি আইস রিস্ক দ্বারা উদ্দীপিত রাখা হবে, যা আংশিকভাবে NHL প্রোগ্রাম করা হবে। হাই লাইন এক্সটেনশন, যা নতুন মৈনিহান ট্রেন হলকে ম্যানহাটন ওয়েস্ট প্লাজা এবং হাই লাইনের বাকি অংশের সাথে সংযুক্ত করবে, তা পুরো এলাকাড় জন্য একটি প্রধান সংযোজন হবে, যা পথচারীদের জন্য এই এলাকার প্রবেশাধিকার এবং চলাফেরাকে সহজ এবং আরো উপভোগ্য করে তুলবে।"

হাই লাইনের নির্বাহী পরিচালক এবং সহ-প্রতিষ্ঠাতা রবার্ট হ্যামন্ড বলেন, "ম্যানহাটনের পশ্চিম পার্শ্বে পাবলিক স্পেস, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, ব্যবসা এবং গুরুত্বপূর্ণ পরিবহন কেন্দ্রে বাসিন্দা, কর্মী এবং দর্শনার্থীদের আরো ভালোভাবে সংযুক্ত করার জন্য আমরা গভর্নরের কার্যালয় এবং ব্রুকফিল্ডের সাথে কাজ করতে পেরে উচ্ছসিত। এই অনন্য গণ প্রবেশাধিকারের প্রকল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমরা আগামী মাসগুলোতে রাজ্য এবং আমাদের প্রতিবেশীদের সাথে কাজ করার জন্য উদগ্রীব।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার বলেন, "ওয়েস্ট সাইডের অন্যান্য স্থানে হাই লাইন সম্প্রসারণ করা, যার মধ্যে সদ্য খোলা মৈনিহান ট্রেন হল, একটি নিরবিচ্ছিন্ন, নিরাপদ সংযোগ তৈরি করে পথচারীদের জন্য একটি অত্যন্ত জনবহুল এলাকার মধ্যে দিয়ে। এই সরকারি-বেসরকারি অংশীদারিত্ব ওয়েস্ট সাইডের গতিবেগ অব্যাহত রাখে এবং এলাকার দীর্ঘমেয়াদী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং উন্নয়নকে স্বরাশ্রিত করে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্বাইব করুন](#)